

# “যদি করি আগাম জাতের আমন ধানের চাষ, সরিষার তেল খেতে পাবো বারো মাস”

প্রিয় কৃষক ভাই,

ভোজ্য তেল নিয়ে চিন্তা নেই, আপনি আপনার পরিবারের জন্য প্রয়োজনীয় ভোজ্য তেল নিজেই উৎপাদন করতে পারবেন। আপনি ধানের উৎপাদন না কমিয়ে আপনার মাঝারি উঁচু বা উঁচু জমিতে আমন ও বোরো ধানের মধ্যবর্তী সময়ে অনায়াসেই সরিষা চাষ করে আপনার পরিবারের জন্য প্রয়োজনীয় ভোজ্য তেলের চাহিদা মেটাতে পারবেন। এর জন্য দরকার সঠিক সময়ে সঠিক জাতের আমন, সরিষা ও বোরো ধানের চাষাবাদ।

## আমন ধানের পর সরিষা এবং তারপর বোরো ধান চাষ করি



আমন ধান



সরিষা



বোরো ধান

### আমন ধানের জাত ও রোপনের সময়

#### জাতসমূহ:

ব্রিধান-৭১, ব্রিধান-৭৫, ব্রিধান-৮৭, ব্রিধান-৯০, ব্রিধান-৯৫, বিনা ধান-১৭, বিনা ধান-২২

#### রোপনের সময়:

পহেলা আষাঢ় বা ১৫ জুনের মধ্যে আমন ধানের বীজতলা তৈরি করে ১৮-২০ দিন বয়সের চারা ১৫ জুলাই বা পহেলা শ্রাবণের মধ্যে রোপন করলে উপযুক্ত সময়ে সরিষা চাষ করা যাবে।

### সরিষার জাত ও রোপনের সময়

#### জাতসমূহ:

বারি সরিষা-১৪, বারি সরিষা-১৫, বারি সরিষা-১৭, বিনা সরিষা-৯, বিনা সরিষা-১১

#### রোপনের সময়:

১৫ নভেম্বরের মধ্যে সরিষার বীজ বপন করা উত্তম। তবে ২৫ নভেম্বর পর্যন্ত বীজ বপন করা যেতে পারে।

### বোরো ধানের জাত ও রোপনের সময়

#### জাতসমূহ:

ব্রিধান-৭৪, ব্রিধান-৮৮, ব্রিধান-৮৯, ব্রিধান-৯২, বঙ্গবন্ধু ধান-১০০, বিনা ধান-১০, বিনা ধান-২৪, বিনা ধান-২৫

#### রোপনের সময়:

নভেম্বরের শেষ সপ্তাহ হতে বোরো ধানের বীজতলা তৈরি করে ৩৫-৪০ দিন বয়সের চারা রোপণ করতে হবে।



প্রচারে: কৃষি তথ্য সার্ভিস, রংপুর অঞ্চল, রংপুর।

website: [www.ais.rangpur.gov.bd](http://www.ais.rangpur.gov.bd)

